আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

ASHUGANJ POWER STATION COMPANY LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

ISO 9001:2015, ISO: 14001:2015 & BS OHSAS 18001: 2007 Certified Management System.

স্মারক নং: ০১/এপিএসসিএল/এমডি/এইচআরএম-২(নিয়োগ)/এড-২/২০১৯/৪১১

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এ প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত এপ্রেনটিস (কারিগরী) হিসাবে অস্থায়ী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্র: নং	পদ	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	এপ্রেনটিস (জুনিয়র ইলেকট্রিশিয়ান)	১৩	এসএসসি/দাখিল (ভোকেশনাল): ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস
২	এপ্রেনটিস (জুনিয়র ওয়েল্ডার গ্রেড-২)	০২	এসএসসি/দাখিল (ভোকেশনাল): ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন
৩	এপ্রেনটিস (জুনিয়র ইন্সট্রুমেন্ট মেকানিক)	০৮	এসএসসি/দাখিল (ভোকেশনাল): জেনারেল ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইন্সট্রুমেন্টেশন
৪	এপ্রেনটিস (জুনিয়র টেকনিশিয়ান)	১৬	এসএসসি/দাখিল (ভোকেশনাল): জেনারেল মেকানিক্স
৫	এপ্রেনটিস (জুনিয়র ক্রেন অপারেটর)	০১	এসএসসি/দাখিল (ভোকেশনাল): মেশিন টুলস্ অপারেশনস্, জেনারেল মেকানিক্স
৬	এপ্রেনটিস (জুনিয়র এসি মেকানিক)	০২	এসএসসি/দাখিল (ভোকেশনাল): রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন
৭	এপ্রেনটিস (জুনিয়র প্লাম্বার)	০২	এসএসসি/দাখিল (ভোকেশনাল): প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং
৮	এপ্রেনটিস (জুনিয়র মেসন)	০১	এসএসসি/দাখিল (ভোকেশনাল): সিভিল কনস্ট্রাকশন
	মোট =	৪৫	

শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা ন্যূনতম জিপিএ-৩.৫।

পদের সংখ্যা: ৪৫টি।

ভাতা: প্রশিক্ষণ চলাকালীন সময়ে এপ্রেনটিস হিসাবে প্রতি মাসে সর্বসাকুল্যে ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হইবে।

শর্তাবলী:

১. প্রশিক্ষণের জন্য নির্বাচিতদের ১২ (বারো) মাস প্রশিক্ষণ প্রদান করা হইবে এবং প্রশিক্ষণ শেষে মূল্যায়ন প্রক্রিয়ার ভিত্তিতে ও শূন্য পদ থাকা সাপেক্ষে কোম্পানীর এমপ্লয়ী সার্ভিস রুলস্ অনুসারে নিয়োগ দেওয়া হইবে।

২. বয়স সীমা ২৮-০২-২০১৯ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর।

৩. কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বিদ্যুৎ সেক্টর প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কাগজ মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।

৪. মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।

৫. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে।

৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উল্লেখিত পদের সংখ্যা কম/বেশী হইতে পারে।

(মোহাম্মদ এনামুল হক)
ব্যবস্থাপক (এইচআরএম)

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://apscl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯ মার্চ ২০১৯ খ্রি:, সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০ এপ্রিল, ২০১৯ খ্রি:, বিকাল ৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: APSCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: APSCL ABCDEF

Reply: Applicant's Name, Tk.1000. will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type APSCL<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: APSCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: APSCL YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for APSCL Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://apscl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে APSCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: APSCL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: APSCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: APSCL Help PIN 12345678 & send to 16222.

প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরুপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

বিবিধঃ

ক. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এপিএসসিএল'র নিজস্ব ওয়েবসাইট www.apscl.gov.bd এ পাওয়া যাবে।

খ. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।